# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৩৮

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, উক্ত শব্দে হাদীসটি জারীর বিন আব্দুল হামীদ এককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذِكْرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ زَعَمَ أن هَذِهِ اللَّفْظَةَ تَفَرَّدَ بِهَا جَرِيرُ بْنُ عَبْدِ الحميد

আরবী

1338 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رَافِعٍ حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِيٍّ عَنْ زَائِدَةَ عَنْ مَنْصُورٍ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ مَيْسَرَةَ قَالَ: حَدَّثَنِي النَّزَّالُ بْنُ سَبْرَةَ قَالَ: صَلَّيْنَا مَعَ عَلِيٍّ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ الظُّهْرَ ثُمَّ خَرَجْنَا إِلَى الرَّحَبَةِ فَدَعَا بِإِنَاءٍ فِيهِ شَرَابٌ فَأَخَذَهُ فَمَضْمَضَ وَاسْتَنْشَقَ وَمَسَحَ وَجْهَهُ وَذِرَاعَيْهِ وَرَأْسَهُ وَقَدَمَيْهِ ثُمَّ شَرِبَ فَضْلَهُ وَهُوَ قَائِمٌ ثُمَّ قَالَ: إِنَّ نَاسًا يَكْرَهُونَ أَنْ يَشْرَبُوا وَهُمْ قِيَامٌ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَنَعَ مِثْلَ مَا صَنَعْتُ وهذا وضوء من لم يُحْدِث.

الراوي : النَّزَّال بْن سَبْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1338 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩৩৮. নাযযাল বিন সাবরাহ বলেন, “আমি আলী রাদ্বিয়াল্লাহু আনহুর সাথে যোহরের সালাত আদায় করেছি। তারপর আমরা আঙ্গিনার দিকে বের হলাম অতঃপর তিনি পানিসহ একটি পাত্র আনতে বললেন। অতঃপর তিনি পাত্রটি নিলেন, তারপর কুলি করলেন, এবং মুখ, কনুই পর্যন্ত দুই হাত, মাথা ও দুইপা মাসেহ করলেন, তারপর তিনি পাত্রের অবশিষ্ট পানি পান করলেন অতঃপর বললেন, “কিছু লোক দাঁড়িয়ে পানি পান করা অপছন্দ করে অথচ নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেই রকম করেছেন, যেরকম আমি এখন যে রকম করলাম। এ রকম ওযূ সেই ব্যক্তির জন্য, যার ওযূ নষ্ট হয়ে যায়নি।”[1]

ফুটনোট

[1] যিয়াদাতুল মুসনাদ আহমাদ: ১/১৫৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১৬; আত তায়ালিসী: ১/৫১; সহীহ আল বুখারী: ৫৬১৫; নাসাঈ: ১/৮৪; তাহাবী, শারহুস মা‘আনিল আসার: ১/৩৪; সুনান বাইহাকী: ১/৭৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩০৪৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১০৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ নাযযাল ইবনু সাবরা (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90652

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন